*Dean Office*
**Social Science Faculty**
**Jagannath University**
9-10 Chittaranjan Avenue, Dhaka-1100
Phone: +8802226640004
E-mail: dean.fss@jnu.ac.bd

*ডিন অফিস*
**সামাজিক বিজ্ঞান অনুষদ**
**জগন্নাথ বিশ্ববিদ্যালয়**
৯-১০ চিত্তরঞ্জন এ্যাভিনিউ, ঢাকা-১১০০
ফোনঃ +৮৮০২২২৬৬৪০০০৪
ই-মেইলঃ dean.fss@jnu.ac.bd

স্মারক নংঃ জবি/ডিন/সাবিঅ/২০২০/ ৬০৬০

তারিখঃ ২৮/০৭/২০২৬

## প্রবন্ধ আহ্বান

সম্মানিত শিক্ষকবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্বিবিদ্যালয় জার্নাল অব সোশ্যাল সায়েন্সেস-এর (ভলিয়্যুম-১৪, সংখ্যা ১ ও ২) প্রকাশের জন্য গবেষণা প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রিন্ট করা দুই কপি গবেষণা প্রবন্ধ সরাসরি এবং অনুষদীয় ই-মেইলে (dean.fss@jnu.ac.bd) সফটকপি প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি। এতদ্‌সঙ্গে লেখক নির্দেশিকা সংযুক্ত করা হলো।

ধন্যবাদসহ,

28.7.26

**(অধ্যাপক ড. শাওলী মাহবুব)**
ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ
ও
চীফ এডিটর
জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সোশ্যাল সায়েন্সেস
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যাপক ড. শাওলী মাহবুব
ডিন
সামাজিক বিজ্ঞান অনুষদ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**অনুলিপি (অবগতি ও কার্যার্থে):**

১। সকল পাবলিক বিশ্ববিদ্যালয়, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগ (বিভাগীয় নোটিশ বোর্ডে প্রদর্শন এবং শিক্ষকদের মধ্যে প্রচার);
২। অনুষদীয় সকল বিভাগ (বিভাগীয় নোটিশ বোর্ডে প্রদর্শন এবং শিক্ষকদের মধ্যে প্রচার), জবি, ঢাকা;
৩। সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫। পরিচালক, আইসিটি সেল/জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি, ঢাকা;
৬। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি, ঢাকা;
৭। ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি, ঢাকা;
৮। অফিস কপি।

# Jagannath University Journal of Social Sciences

## লেখক নির্দেশিকা (*Guide for Authors*)

Jagannath University Journal of Social Sciences জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ কর্তৃক প্রকাশিত একাডেমিক জার্নাল। জার্নালে সামাজিক বিজ্ঞান সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বাংলা/ইংরেজি ভাষায় লেখা মৌলিক গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়। প্রবন্ধ লেখার নিয়মাবলী নিম্নরূপ:

১. লেখা A-4 সাইজের অফসেট সাদা কাগজের এক পৃষ্ঠায় ৪ (চার) দিকে ১ ইঞ্চি মার্জিন রেখে ২ (দুই) স্পেসে কম্পিউটারে মুদ্রিত হতে হবে। বাংলা অথবা ইংরেজী যে কোন ভাষায় লেখা জমা দেয়া যাবে। বাংলার ক্ষেত্রে Sutonny MJ ১৩ ফন্ট এবং ইংরেজীর ক্ষেত্রে Times New Roman ১২ ফন্ট ব্যবহার করতে হবে।

২. প্রবন্ধ সর্বোচ্চ ছয় হাজার শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে।

৩. লেখককে প্রবন্ধ জমা দেওয়ার সময় প্রবন্ধ অন্য কোথাও (জার্নাল, সংবাদপত্র, ইত্যাদি) প্রকাশিত হয়নি বা প্রকাশের জন্য প্রেরিত হয়নি-এ মর্মে একটি লিখিত বিবৃতি প্রদান করতে হবে।

৪. পান্ডুলিপির দুইটি প্রিন্টেড কপি ও একটি সফ্‌ট কপি CD তে (word file) জমা দিতে হবে। জমা দেয়ার ঠিকানাঃ চীফ এডিটর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় জার্নাল অব সোশ্যাল সায়েন্সেস, ডিন অফিস, সামাজিক বিজ্ঞান অনুষদ, কক্ষ # ৭১৭, নতুন একাডেমিক ভবন (৭ম), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০। ই-মেইলঃ dean.fss@jnu.ac.bd

৫. মূল প্রবন্ধের কোথাও লেখকের নাম পরিচয় কিংবা ঠিকানা উল্লেখ করা যাবে না। আলাদা কভার পৃষ্ঠায় লেখকের নাম, পেশাগত পরিচয় ও ঠিকান থাকতে হবে।

৬. প্রতিটি প্রবন্ধের (বাংলা/ইংরেজী) শুরুতে ইংরেজীতে একটি বস্তুসংক্ষেপ (Abstract) অনধিক ১৫০ শব্দের মধ্যে থাকতে হবে।

৭. রেফারেন্সের জন্য আমেরিকান সাইকোলজিক্যাল এসোসিয়েশন (APA) এর স্টাইল (Version-6) অনুসরণ করতে হবে; ওয়েবসাইট ঠিকানাঃ *http://www.uwp.edu/departments/library/guides/apa.htm or http://www.apastyle.org/*

৮. উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোন পরিবর্তন হবে না। টীকা ও বক্তব্যের উৎস স্বতন্ত্রভাবে উলেণ্টখ করতে হবে। টীকার ক্ষেত্রে শব্দের উপর সুপার স্ক্রীপ্টে (যেমন) ......আছে[১]) সংখ্যা ব্যবহার করতে হবে এবং সংশ্লিষ্ট পৃষ্ঠার শেষে ফুটনোটে টীকা উপস্থাপন করতে হবে।

৯. Reference List প্রবন্ধের শেষে বর্ণানুক্রমিকভাবে উপস্থাপন করতে হবে। রেফারেন্স তালিকা যদি বাংলা ও ইংরেজী উভয় ভাষায় থাকে তবে প্রবন্ধটি যে ভাষায় লিখিত সে ভাষার রেফারেন্স তালিকা প্রথমে দিতে হবে। শুধুমাত্র ওয়েবসাইট রেফারেন্স তালিকা পৃথকভাবে বর্ণানুক্রমিকভাবে উপস্থাপন করতে হবে।

১০. প্রাপ্ত প্রবন্ধ প্রকাশ ও অন্যান্য ক্ষেত্রে এডিটোরিয়াল বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং মনোনীত/অমনোনীত কোন পান্ডুলিপি ফেরত দেওয়া হবে না।